



খালেদা জিয়া দেশ না-ছাড়ার সিদ্ধান্তই গণতন্ত্রের পথ সুগম করেছে: অ্যাটর্নি জেনারেল



সংগৃহীত ছবি

অ্যাটর্নি জেনারেল মো. আসাদুজ্জামান বলেছেন, বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়া দেশের সংকটময় মুহূর্তে মাথা নত করে দেশত্যাগ করেননি বলেই আজ বাংলাদেশ গণতন্ত্রের পথে অগ্রসর হতে পেরেছে।

গতকাল শুক্রবার (৫ ডিসেম্বর) বিনাইদহের শৈলকুপা সরকারি কলেজ মাঠে খালেদা জিয়ার রোগমুক্তি কামনায় আয়োজিত বিশেষ দোয়া মাহফিলে তিনি এ মন্তব্য করেন।

তিনি বলেন, ওয়ান-ইলেভেনের সময়ে তারেক রহমান ও আরাফাত রহমান কোকোর ওপর নির্যাতনের মধ্যেও খালেদা জিয়াকে দেশের বাইরে পাঠানোর প্রস্তাব দেওয়া হয়েছিল; তবে দেশের কথা ভেবে তিনি সে প্রস্তাব প্রত্যাখ্যান করেছিলেন।

দোয়া মাহফিলে স্থানীয় বিএনপি নেতাকর্মী, মাদ্রাসার শিক্ষার্থীসহ অনেকে অংশ নেন। অনুষ্ঠানে শৈলকুপা উপজেলা বিএনপির সভাপতি আবুল হোসেন, সাধারণ সম্পাদক অ্যাডভোকেট হুমায়ুন বাবর ফিরোজসহ স্থানীয় নেতারা উপস্থিত ছিলেন।

LENS ASIA